# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৩২

১/ বিবিধ

আরবী

من طلب الدنيا حلالا استعفافا عن المسألة وسعيا على أهله، وتعطفا على جاره، بعثه الله يوم القيامة، ووجهه مثل القمر ليلة البدر، ومن طلبها حلالا متكاثرا بها مفاخرا لقي الله وهو عليه غضبان

ضعيف

رواه أبو نعيم في " الحلية " (2/110 و8/215) من طريق الحجاج بن فرافصة عن مكحول عن أبي هريرة مرفوعا، وقال

غريب من حديث مكحول، لا أعلم له راويا عنه إلا الحجاج

قلت: وهو ضعيف لسوء حفظه، أورده الذهبي في " الضعفاء " وقال

قال أبو زرعة: ليس بالقوي

وقال الحافظ في " التقريب

صدوق عابد، يهم

قلت: وفيه علة أخرى وهي الانقطاع بين مكحول وأبي هريرة، فإنه لم يسمع منه كما قال البزار

বাংলা

১০৩২। যে ব্যক্তি দুনিয়াকে তালাশ করবে হালাল পন্থায়, চাওয়া হতে নিজকে বাঁচিয়ে রেখে, তার পরিবারের জন্য চেষ্টা চালিয়ে এবং তার প্রতিবেশীদের সাথে নরম আচরণ করে তাকে আল্লাহ তা'আলা কিয়ামতের দিন এমন এক অবস্থায় প্রেরণ করবেন যে, তার চেহারা পনেরো তারিখের চন্দ্রের ন্যায় উজ্জ্বল থাকবে। আর যে ব্যক্তি তা তালাশ

করবে হালাল পন্থায়, অধিক অর্জনের মানসে অহংকার করে সে আল্লাহর সাথে মিলিত হবে এমতাবস্থায় যে, তিনি তার উপর রাগান্বিত থাকবেন।

হাদীসটি দুর্বল।

এটি আবু নুয়াইম “আল-হিলইয়্যাহ” গ্রন্থে (২/১১০ ও ৮/২১৫) হাজ্জাজ ইবনু আফেসাহ সূত্রে মাকহুল হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ এটি মাকহুলের হাদীস হতে গারীব। তার থেকে বর্ণনাকারী হিসেবে একমাত্র হাজ্জাজকেই চিনি।

আমি (আলবানী) বলছিঃ তিনি দুর্বল, হেফযে তার ত্রুটি থাকার কারণে। তাকে হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ আবু যুরয়াহ বলেনঃ তিনি শক্তিশালী নন।

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেনঃ তিনি সত্যবাদী আবেদ, সন্দেহ করতেন।

আমি (আলবানী) বলছিঃ এতে আরেকটি সমস্যা রয়েছে, তা হচ্ছে মাকহুল ও আবু হুরাইরাহ (রাঃ)-এর মধ্যে বিচ্ছিন্নতা। কারণ মাকহুল তার থেকে শ্রবণ করেননি যেমনটি বাযযার বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71911

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন